

## ছাত্রদের বহিষ্কারাদেশ প্রত্যাহার দাবিতে মানববন্ধন

নোবিপ্রবিতে আন্দোলন অব্যাহত

### ■ নোয়াখালী প্রতিদিন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এগ্র্যাগেড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের-এসিসিই শিক্ষার্থীদের দাবি নিয়ে আন্দোলন, জাহুর ও দুই শিক্ষককে আটকে রেখে মুচলেকা আদায়সহ অশ্রীভিক্ত ঘটনার পর কর্তৃপক্ষ গত মঙ্গলবার থেকে অনির্দিষ্টকালের জন্য ক্যাম্পাস বন্ধ ঘোষণা করলেও আন্দোলন থামেনি।

গতকাল বৃহস্পতিবার শিক্ষার্থীরা ১০ ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহার ও নাম পরিবর্তন করে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড এগ্র্যাগেড কেমিস্ট্রি বিভাগ নামকরণ, ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রদান ও শিক্ষক নিয়োগের দাবি এবং প্রশাসনের প্রত্যাহার প্রতিবাদে জেলা শহর মাইলদীঘেতে মানববন্ধন করে। পরে নোয়াখালী প্রেসক্রাবে এক সাংবাদিক সম্মেলনে তারা অভিযোগ করেন-২৮ জুনের মধ্যে পৃষ্ঠা ২ কলাম ৫

### ছাত্রদের বহিষ্কারাদেশ

২০ পৃষ্ঠার পর

কর্তৃপক্ষ তাদের দাবি মানার ঘোষণা দিলেও শুধু বিভাগীয় শিক্ষকদের অসহযোগিতার কারণে তা হয়নি। এমনকি দুই শিক্ষককে আটকে রাখা নিয়ে সর্বশেষ শিক্ষকরা অপপ্রচার চালিয়েছেন। একই সাথে কর্তৃপক্ষ নিজেদের অনিয়ম-দুর্নীতি চাকতে শিক্ষার্থীদের সাথে প্রত্যাহার করে। তাদের দাবি পূরণ না হলে আরো কঠোর আন্দোলনের ডাক দেয়া হবে বলে তারা ঘোষণা দেন।

এদিকে ডিসির পদত্যাগের দাবিতে গতকালও অনড় ছিলো শিক্ষক সমিতি। উপাচার্যকে দেয়া শিক্ষক সমিতির সভাপতি ড. মুহাম্মদ শফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ মারুফ উল আলম দ্বাক্ষরিত চিঠিতে উল্লেখ করা হয়, ক্যাম্পাসের অস্থিতিশীল পরিস্থিতি নিয়ন্ত্রণ, ছাত্র-শিক্ষকদের নিরাপত্তা প্রদান, উপাচার্যের নানা অনিয়ম, দুর্নীতি ও কলেজটির নিয়ে মঙ্গলবার শিক্ষক সমিতির সভায় বিতর্কিত আলোচনা হয়। সভায় সর্বসম্মতিক্রমে উপাচার্যকে ক্যাম্পাসে অবস্থিত ঘোষণা করার পাশাপাশি অবিলম্বে তাকে পদত্যাগ করে ক্যাম্পাস ত্যাগের আহ্বান জানানো হয়।